সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্॥ ৫৬

নন্দরূপং) অস্মি, [ইতি] মাং [পরয়া] ভক্ত্যা তত্ত্বতঃ (স্বরূপতঃ) অভিজানাতি, ততঃ মাং তত্ত্বতঃ জ্ঞাত্বা, তদনন্তরং (তস্য জ্ঞানস্য উপরমে সতি) মাং বিশতে (স্বয়মপি পরমানন্দরূপো-ভবতি)॥ ৫৫

অন্বয়ঃ।—সদা সর্ব্বকর্ম্মাণি (নিত্যানি নৈমিত্তিকানি চ সর্ব্বাণি) কর্ম্মাণি কুর্ব্বাণঃ অপি,মদ্‌ব্যপাশ্রয়ঃ (মৎপরায়ণঃ সন্) মৎপ্রসাদাৎ শাশ্বতম্ (অনাদি) অব্যয়ং (নিত্যং সর্ব্বোৎকৃষ্টং) পদং প্রাপ্নোতি (লভতে)॥ ৫৬

সর্ব্বব্যাপী এবং সচ্চিদানন্দস্বরূপ, তাহা সম্পূর্ণরূপে জানিতে পারেন এবং আমায় স্বরূপতঃ জানিয়া সেই জ্ঞানের পরিপাকে আমাতে প্রবেশ করেন অর্থাৎ তিনি স্বয়ংই পরমানন্দ স্বরূপ হইয়া যান॥ ৫৫

অনুবাদ।—সর্ব্বদা নিত্য ও নৈমিত্তিক সর্ব্ববিধ কর্ম্মের অনুষ্ঠান করিয়াও আমার শরণাগত ব্যক্তি আমার প্রসন্নতা-বশতঃ শাশ্বত (অনাদি) ও অব্যয় (সর্ব্বাপেক্ষা উত্তম) পদ প্রাপ্ত হন॥ ৫৬

চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব ॥ ৫৭
মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষ্যসি ॥৫৮

অন্বয়ঃ।—চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সংন্যস্য (সমর্প্য) মৎপরঃ (মৎপরায়ণঃ সন্) বুদ্ধিযোগম্ (ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা যোগম্) উপাশ্রিত্য (অবলম্ব্য) সততং (নিরন্তরং কর্ম্মানুষ্ঠানকালেঽপি) মচ্চিত্তঃ ভব ॥ ৫৭

অন্বয়ঃ।—মচ্চিত্তঃ মৎপ্রসাদাৎ সর্ব্বদুর্গাণি (সাংসারিকাণি সর্ব্বাণ্যপি দুঃখানি) তরিষ্যসি; অথ চেৎ অহঙ্কারাৎ (জ্ঞাতৃত্বাভিমানাৎ) ত্বং ন শ্রোষ্যসি; [তর্হি] বিনঙ্ক্ষ্যসি (পুরুষার্থাদ্‌ভ্রষ্টো ভবিষ্যসি) ॥৫৮

অনুবাদ।—তুমি সর্ব্বদা অর্থাৎ কর্ম্মানুষ্ঠান কালেও মনে মনে আমাতে সমুদয় কর্ম্ম সমর্পণ করিয়া, ব্যবসায়াত্মিকা বুদ্ধিদ্বারা যোগের আশ্রয় গ্রহণপূর্ব্বক আমাতে চিত্ত সমর্পণ কর অর্থাৎ মৎপরায়ণ হও ॥ ৫৭

অনুবাদ।—মদ্গতচিত্ত হইলে তুমি আমার অনুগ্রহে

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈব ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি ॥৫৯
স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎকরিষ্যস্যবশোঽপি তৎ ॥৬০

অন্বয়ঃ।—[মদুক্তমনাদৃত্য] অহঙ্কারম্ আশ্রিত্য [অহং] ন যোৎস্যে ইতি যৎ মন্যসে (অধ্যবস্যসি) তে (তব) ব্যবসায়ঃ মিথ্যা এব, [যতঃ] প্রকৃতিঃ [রজোগুণরূপেণ পরিণতা সতী] ত্বাং [যুদ্ধে] নিযোক্ষ্যতি ॥ ৫৯

অন্বয়ঃ।—হে কৌন্তেয়! মোহাৎ যৎ কর্ত্তুং ন ইচ্ছসি

দুস্তর সাংসারিক দুঃখ অতিক্রম করিবে; আর যদি জ্ঞাতৃত্বাভিমানবশতঃ আমার বাক্য শ্রবণ না কর, তাহা হইলে তুমি পুরুষার্থ হইতে ভ্রষ্ট হইবে ॥ ৫৮

অনুবাদ।—যদি আমার বাক্য না শুনিয়া তুমি অহঙ্কারের বশবর্ত্তী হইয়া 'আমি যুদ্ধ করিব না' এরূপ নিশ্চয় করিয়া থাক, তোমার এরূপ অধ্যবসায় মিথ্যা; কারণ প্রকৃতি (ক্ষত্রিয়স্বভাব) [রজোগুণে পরিণতা হইয়া] তোমাকে যুদ্ধে অবশ্যই প্রবর্ত্তিত করিবে ॥ ৫৯

অনুবাদ।—হে কৌন্তেয়! মোহবশতঃ তুমি যাহা করিতে

ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া ॥৬১
তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং
প্রাপ্স্যসি শাশ্বতম্ ॥ ৬২

স্বভাবজেন (স্বাভাবিকেন) স্বেন কর্ম্মণা নিবদ্ধঃ (সংযতঃ) [সুতরাং] অবশঃ [সন্] তৎ অপি করিষ্যসি ॥ ৬০

অন্বয়ঃ।—হে অর্জ্জুন! ঈশ্বরঃ মায়য়া (নিজশক্ত্যা) যন্ত্রারূঢ়ানি (যন্ত্রাণি শরীরাণি আরূঢ়ানি) [সূত্রধারইব] সর্ব্বভূতানি ভ্রাময়ন্ (তত্তৎকর্ম্মসু প্রবর্ত্তয়ন্) সর্ব্বভূতানাং (সর্ব্বদেহিনাং) হৃদ্দেশে তিষ্ঠতি ॥ ৬১

অন্বয়ঃ।—হে ভারত! সর্ব্বভাবেন (সর্ব্বাত্মনা) তমেব

ইচ্ছা করিতেছ না, তাহাও স্বভাবজাত কর্ম্মবশে অর্থাৎ ক্ষত্রিয়-প্রকৃতি বশে তোমাকে করিতে হইবে ॥ ৬০

অনুবাদ।—হে অর্জ্জুন; ঈশ্বর প্রাণিসমূহের হৃদয়ে বস্থান পূর্ব্বক [সূত্রধারের ন্যায়] পুত্তলিকাবৎ তাহাদিগকে স্ব কর্ম্মে নিয়ন্ত্রিত করিয়া ঘূর্ণিত করাইতেছেন ॥ ৬১

অনুবাদ। হে ভারত! তুমি কায়মনোবাক্য তাঁহারই

ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু ॥৬৩
সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে
হিতম্ ॥ ৬৪

(সর্ব্বেশ্বরং) শরণং গচ্ছ, [ততশ্চ] তৎপ্রসাদাৎ পরাং (সর্ব্বোত্তমাং) শান্তিং (চিত্তোপরতিং) শাশ্বতং (নিত্যং) স্থানং (মোক্ষাখ্যং) চ প্রাপ্স্যসি ॥ ৬২

অন্বয়ঃ।—ইতি (অনেন প্রকারেণ) গুহ্যাৎ গুহ্যতরং জ্ঞানং ময়া তে (তুভ্যং) আখ্যাতম্ (উপদিষ্টম্)। অশেষেণ এতৎ বিমৃশ্য (পর্য্যালোচ্য) যথা ইচ্ছসি, তথা কুরু ॥ ৬৩

অন্বয়ঃ।—সর্ব্বগুহ্যতমং মে (মম) পরমং বচঃ

শরণ লও; তাঁহার অনুগ্রহ লাভ করিতে পারিলে, তুমি পরমশান্তি ও নিত্যধাম প্রাপ্ত হইবে ॥ ৬২

অনুবাদ।—আমি এইরূপে তোমাকে গুহ্য অপেক্ষাও অতিগুহ্য আত্মজ্ঞান উপদেশ দিলাম। আমার উপদিষ্ট ইহা সম্যক্‌রূপে পর্য্যালোচনা করিয়া তোমার যাহা ইচ্ছা হয়, তাহাই কর ॥ ৬৩

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি
মে ॥ ৭৫

(বাক্যং) ভূয়ঃ (পুনরপি) শৃণু (অবগচ্ছ); [ত্বং] মে দৃঢ়ম্ (অত্যন্তম্) ইষ্টঃ (প্রিয়ঃ) অসি, (ভবসি) [ইতি সর্ব্বজ্ঞেন ময়া] ততঃ (তস্মাৎ হেতোঃ) তে (তব) হিতং (পরমমঙ্গলং) বক্ষ্যামি ॥ ৬৪

অন্বয়ঃ।—ত্বং মন্মনাঃ (মচ্চিত্তঃ) মদ্‌ভক্তঃ (মদ্ভজনশীলঃ) মদ্‌যাজী (মদ্‌যজনশীলঃ) ভব, মাং (ঈশ্বরং) নমস্কুরু, [এবং বর্ত্তমানস্ত্বং মৎপ্রসাদাৎ লব্ধজ্ঞানঃ] মাম্ এব এষ্যসি (প্রাপ্স্যসি), অহং তে (তুভ্যং) সত্যং [যথাভবতি তথা] প্রতিজানে, (প্রতিজ্ঞাং করোমি) [যতস্ত্বং] মে প্রিয়ঃ অসি ॥ ৬৫

অনুবাদ।—তুমি আমার অতিশয় প্রিয়, এই জন্য তোমার হিতার্থে আমি পুনর্ব্বার সর্ব্বাপেক্ষা গুহ্যতম কথা তোমাকে বলিতেছি শুন ॥ ৬৪

অনুবাদ।—হে অর্জ্জুন! তুমি মদ্‌গতচিত্ত হও, আমারই ভজনশীল হও; যজ্ঞাদিও আমারই প্রীত্যর্থ অনুষ্ঠান কর;

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা
শুচঃ ॥ ৬৬

ইদন্তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
ন চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি ॥ ৬৭

অন্বয়ঃ।—সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য একং মাং শরণং ব্রজ, [এবং বর্ত্তমানঃ কর্ম্মত্যাগনিমিত্তং পাপং স্যাৎ ইতি মত্বা] মা শুচঃ (শোকং মাকার্ষীঃ); অহং [মদেকশরণং] ত্বাং সর্ব্বপাপেভ্যঃ মোক্ষয়িষ্যামি (মোচয়িষ্যামি) ॥ ৬৬

অন্বয়ঃ।—ইদং (গীতার্থতত্ত্বং) তে (ত্বয়া) অতপস্কায়

এবং আমাকে নমস্কার কর, [তাহা হইলে আমার অনুগ্রহে লব্ধ জ্ঞানদ্বারা] তুমি আমাকেই প্রাপ্ত হইবে। ইহা আমি তোমার নিকট সত্য প্রতিজ্ঞা করিয়া বলিতেছি, কেন না তুমি আমার অত্যন্ত প্রিয় ॥ ৬৫

অনুবাদ।—তুমি সমুদয় ধর্ম্মাধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক একমাত্র আমারই শরণাপন্ন হও; [সর্ব্ববিধ কর্ম্মত্যাগ জন্য পাছে পাপ হয়, এই আশঙ্কায়] শোক করিও না; আমিই তোমায় সর্ব্বপাপ হইতে মুক্ত করিব ॥ ৬৬

য ইদং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।

ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ ॥৬৮

(ধর্ম্মানুষ্ঠানহীনায়) ন বাচ্যং (বক্তব্যং) ন চ অভক্তায় (গুরৌ ঈশ্বরে চ ভক্তিশূন্যায়) কদাচন [বাচ্যং], ন চ অশুশ্রূষবে (পরিচর্য্যামকুর্ব্বতে জনায়) [বাচ্যং]; ন চ মাং (পরমেশ্বরম্) যঃ (অভ্যসূয়তি, মনুষ্যবুদ্ধ্যা দোষার্পণেন নিন্দতি), [তস্মৈ অপি বাচ্যম্] ॥ ৬৭

অন্বয়ঃ।—ইদং পরমং গুহ্যং (গীতার্থতত্ত্বং) মদ্‌ভক্তেষু যঃ অভিধাস্যতি (মদ্‌ভক্তেভ্যো বক্ষ্যতি), সঃ ময়ি পরাং (সর্ব্বোত্তমাং) ভক্তিং কৃত্বা অসংশয়ঃ (নিঃসন্দেহঃ) [সন্] মাম্ এব এষ্যতি (প্রাপ্স্যতি) ॥ ৬৮

অনুবাদ।—ইহা [এই গীতাশাস্ত্র] তপস্যাহীন, গুরু ও ঈশ্বরে ভক্তিহীন, গুরু-শুশ্রূষা-রহিত এবং আমার প্রতি অসূয়াপর (দ্বেষদৃষ্টিশালী) ব্যক্তিকে কদাচ বলিবে না ॥ ৬৭

অনুবাদ।—যে ব্যক্তি এই পরম গুহ্য গীতা শাস্ত্র আমার ভক্তগণের নিকটে ব্যাখ্যা করেন, তিনি আমাতে পরম ভক্তিমান্ হওয়ায় সন্দেহহীন হইবেন এবং আমাকে অবশ্যই প্রাপ্ত হইবেন ॥ ৬৮

ন চ তস্মান্মনুষ্যেষু কশ্চিন্মে প্রিয়কৃত্তমঃ।
ভবিতা ন চ মে তস্মাদন্যঃ প্রিয়তরো ভুবি॥ ৬৯
অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ॥ ৭০

অন্বয়ঃ।—মনুষ্যেষু তস্মাৎ (মদ্‌ভক্তেভ্যো গীতাব্যাখ্যাতুঃ সকাশাৎ) কশ্চিৎ মে প্রিয়কৃত্তমঃ (অত্যন্তং পরিতোষকর্ত্তা) চ ন [অস্তি], তস্মাৎ অন্যঃ মে প্রিয়তরঃ চ ভুবি (জগতি) [কালান্তরেঽপি] ন ভবিতা (ভবিষ্যতি)॥ ৬৯

অন্বয়ঃ।—যঃ চ আবয়োঃ ইমং ধর্ম্ম্যং (ধর্ম্মাদনপেতং) সংবাদম্ (তত্ত্বম্) অধ্যেষ্যতে, (পঠিষ্যতি) তেন অহং জ্ঞানযজ্ঞেন ইষ্টঃ স্যাম্ (ভবেয়ম্), ইতি মে মতিঃ॥ ৭০

অনুবাদ।—মনুষ্যলোক মধ্যে গীতাশাস্ত্র ব্যাখ্যাতার অপেক্ষা অধিক পরিতোষকর্ত্তা আমার আর কেহই নাই, আর কখনও পৃথিবীতে তদপেক্ষা আমার অধিকতর প্রিয় আর কেহ হইবেও না॥ ৬৯

অনুবাদ।—যিনি আমাদের এই ধর্ম্মসম্মত গীতাশাস্ত্র

শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপি মুক্তঃ শুভাল্লোঁকান্ প্রাপ্নুয়াৎ
পুণ্যকর্ম্মণাম্ ॥ ৭১

কচ্চিদেতৎ শ্রুতং পার্থ ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয় ॥ ৭২

অন্বয়ঃ।—শ্রদ্ধাবান্ (শ্রদ্ধাযুক্তঃ) অনসূয়ঃ চ (অসূয়াহীনশ্চ) যঃ নরঃ শৃণুয়াৎ, সঃ অপি [সর্ব্বৈঃ পাপৈঃ] মুক্তঃ [সন্], পুণ্যকর্ম্মণাং (অশ্বমেধাদি-পুণ্যকর্ম্মকারিণাং) শুভান্ লোকান্ প্রাপ্নুয়াৎ ॥ ৭১

অন্বয়ঃ।—হে পার্থ! ত্বয়া একাগ্রেণ চেতসা (অনন্যমনসা)

সম্বন্ধীয় কথোপকথন অধ্যয়ন করিবেন, তিনি জ্ঞানযজ্ঞ দ্বারা আমাকে পূজা করিবেন—ইহাই আমার অভিমত ॥৭০

অনুবাদ।—যে ব্যক্তি শ্রদ্ধাবান্ ও অসূয়াশূন্য হইয়া এই গীতাশাস্ত্র কেবল শ্রবণ করেন, তিনিও সর্ব্বপাপমুক্ত হইয়া পুণ্যাত্মাদিগের ভোগ্য শুভ লোক লাভ করেন ॥ ৭১

অনুবাদ।—হে পার্থ। তুমি মৎকথিত এই গীতাশাস্ত্র

অর্জ্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব॥ ৭৩

এতৎ শ্রুতং কচ্চিৎ? হে ধনঞ্জয়! তে অজ্ঞানসংমোহঃ (অজ্ঞানজোমোহঃ) প্রনষ্টঃ (অপগতঃ) কচ্চিৎ?॥ ৭২

অন্বয়ঃ।—অর্জ্জুনঃ উবাচ—হে অচ্যুত! ত্বৎপ্রসাদাৎ [আত্মবিষয়কঃ] মোহঃ নষ্টঃ, ময়া [স্বরূপানুসন্ধানরূপা] স্মৃতিঃ লব্ধা; স্থিতঃ (যুদ্ধায় অবস্থিতঃ) অস্মি, গতসন্দেহঃ [অহং] তব বচনং (আজ্ঞাং) করিষ্যে (পালয়িষ্যামি)॥৭৩

একাগ্রচিত্তে শুনিলে ত? হে ধনঞ্জয়! তোমার অজ্ঞানজাত মোহ বিনষ্ট হইল ত?॥ ৭২

অনুবাদ।—অর্জ্জুন কহিলেন, হে অচ্যুত! তোমার কৃপায় আমার আত্মবিষয়ক মোহ নষ্ট হইল, আমি স্বরূপানুসন্ধানরূপ স্মৃতি লাভ করিলাম; এখন আমি যুদ্ধার্থ অবস্থিত হইলাম; আমার সকল সন্দেহ দূর হইয়াছে; এক্ষণে তোমার উপদেশানুরূপ কার্য্য করিব॥ ৭৩

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং লোমহর্ষণম্ ॥ ৭৪
ব্যাসপ্রসাদাৎ শ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥ ৭৫

অন্বয়ঃ।—সঞ্জয়ঃ উবাচ—ইতি অহং মহাত্মনঃ বাসুদেবস্য পার্থস্য চ ইমং লোমহর্ষণং (লোমাঞ্চকরং), অদ্ভুতং সংবাদম্ অশ্রৌষম্ (শ্রুতবান্) ॥ ৭৪

অন্বয়ঃ।—ব্যাসপ্রসাদাৎ (ব্যাসাদ্দিব্য-চক্ষুর্লাভাৎ) অহম্ ইদং পরং গুহ্যং (অতীব গোপনীয়ং) সাক্ষাৎ কথয়তঃ স্বয়ং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ শ্রুতবান্ ॥ ৭৫

অনুবাদ।—সঞ্জয় কহিলেন, হে মহারাজ! মহাত্মা বাসুদেব ও অর্জ্জুনের এইরূপ অদ্ভুত লোমহর্ষণ সংবাদ আমি শ্রবণ করিলাম ॥ ৭৪

অনুবাদ।—ব্যাসের প্রসাদে [দিব্যদৃষ্টি পাভে] আমি

রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ॥ ৭৬
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্ হৃষ্যামি চ পুনঃ
পুনঃ॥ ৭৭

অন্বয়ঃ।—হে রাজন্! কেশবার্জ্জুনয়োঃ ইমং পুণ্যম্ (পবিত্রম্) অদ্ভুতং সংবাদং সংস্মৃত্য সংস্মৃত্য (পুনঃ পুনঃ পর্য্যালোচ্য) মুহুর্মুহুঃ হৃষ্যামি॥ ৭৬

অন্বয়ঃ।—হে রাজন্! হরেঃ (শ্রীকৃষ্ণস্য) তৎ অদ্ভুতং (পরমাশ্চর্য্যং) রূপং সংস্মৃত্য সংস্মৃত্য চ মে (মম) মহান্

স্বয়ং যোগেশ্বর শ্রীকৃষ্ণের মুখে এই পরম গোপনীয় যোগ শ্রবণ করিলাম॥ ৭৫

অনুবাদ।—হে রাজন্! শ্রীকৃষ্ণার্জ্জুনের এই পরম পবিত্র অদ্ভুত সংবাদ (কথোপকথন) বারংবার স্মরণ পথে উদিত হওয়ায় আমি মুহুর্মুহুঃ পরমানন্দ লাভ করিতেছি॥ ৭৬

অনুবাদ।—হে রাজন্, শ্রীকৃষ্ণের সেই অদ্ভুত বিশ্বরূপ

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥ ৭৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্‌ভগবদ্‌গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে মোক্ষ-
যোগো নাম অষ্টাদশোহধ্যায়ঃ ॥

বিস্ময়ঃ [ভবতি] অহং পুনঃ পুনঃ হৃষ্যামি (প্রীতিমনুভবামি রোমাঞ্চিতোহস্মি) চ ॥ ৭৭

অন্বয়ঃ।—যত্র য়োগেশ্বরঃ কৃষ্ণঃ, যত্র ধনুর্দ্ধরঃ পার্থঃ তত্র শ্রীঃ (রাজলক্ষ্মীঃ), বিজয়ঃ ভূতিঃ (উত্তরোত্তরাভিবৃদ্ধিঃ) ধ্রুবা নীতিঃ [বিরাজতে], [ইতি] মম মতিঃ ॥ ৭৮

স্মরণ করিতে করিতে পুলকভরে বারংবার আমার লোম হর্ষণ (রোমাঞ্চ) হইতেছে ॥ ৭৭

অনুবাদ।—যে পক্ষে স্বয়ং যোগেশ্বর শ্রীকৃষ্ণ ও যে পক্ষে ধনুর্দ্ধর অর্জ্জুন অবস্থিত আছেন, সে পক্ষে রাজলক্ষ্মী, বিজয়, বিভূতি এবং অচঞ্চলা নীতি, ইহাই আমার বিশ্বাস ॥ ৭৮

ইতি মোক্ষযোগঃ।

গীতা-মাহাত্ম্যম্।

ঋষিরুবাচ।

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং যথাবৎ সূত ! মে বদ।
পুরা নারায়ণ-ক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতম্ ॥ ১

সূত উবাচ।

ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরম্।
শক্যতে কেন তদ্বক্তুং গীতামাহাত্ম্যমুত্তমম্ ॥ ২
কৃষ্ণো জানাতি বৈ সম্যক্
কিঞ্চিৎ কুন্তীসুতঃ ফলম্।

অনুবাদ।—ঋষি কহিলেন, হে সূত ! পূর্ব্বকালে নারায়ণ-ক্ষেত্রে মহর্ষি ব্যাস-কথিত গীতার মাহাত্ম্য আমার নিকট কীর্ত্তন কর ॥ ১

অনুবাদ।—সূত কহিলেন—ভগবান্ উত্তম বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। যাহা পরম গোপনীয় সমূহের মধ্যে গোপনীয়, সেই অত্যুত্তম গীতামাহাত্ম্য কে বর্ণন করিতে পারে ? ॥ ২

অনুবাদ।—একমাত্র শ্রীকৃষ্ণ ইহা সম্যক্ অবগত আছেন; কুন্তীনন্দন অর্জ্জুন ইহার কিঞ্চিৎ ফল জানেন

ব্যাসো বা ব্যাসপুত্রো বা
যাজ্ঞবল্ক্যোঽথ মৈথিলঃ ॥ ৩

অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সংকীর্ত্তয়ন্তি চ।
তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্যাস্যান্ময়া শ্রুতম্ ॥ ৪

সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥৫

সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ ॥ ৬

এবং ব্যাস, ব্যাসপুত্র শুকদেব, যোগীশ্বর যাজ্ঞবল্ক্য ও রাজর্ষি জনক কিছু কিছু অবগত আছেন ॥ ৩

অনুবাদ।—অন্যান্য লোকে পরস্পরের মুখে শ্রবণ করিয়া ইহার লেশমাত্র কীর্ত্তন করেন। অতএব আমি ব্যাসমুখে যেরূপ শুনিয়াছি, তাহার কিঞ্চিৎ কীর্ত্তন করিতেছি ॥ ৪

অনুবাদ।—সমস্ত উপনিষৎ ধেনুস্বরূপ ; শ্রীকৃষ্ণ দোহনকর্ত্তা, পার্থ বৎস, জ্ঞানী ভোক্তা এবং গীতারূপ অমৃত দুগ্ধ ॥৫

অনুবাদ।—যিনি অর্জ্জুনের সারথ্যকার্য্যে ব্রতী হইয়া

সংসারসাগরং ঘোরং তর্ত্তুমিচ্ছতি যো নরঃ।
গীতানাবং সমাসাদ্য পারং যাতি সুখেন সঃ॥ ৭
গীতাজ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাসযোগতঃ।
মোক্ষমিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালকহাস্যতাম্॥ ৮
যে শৃণ্বন্তি পঠন্ত্যেব গীতাশাস্ত্রমহর্নিশম্।
ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ॥ ৯

লোকত্রয়ের উপকারার্থ গীতারূপ অমৃত দান করিয়াছিলেন, সেই শ্রীকৃষ্ণকে প্রণাম করি॥ ৬

অনুবাদ।—যিনি ঘোর সংসারসাগর উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, তিনি গীতারূপ নৌকা পাইলে অনায়াসে উহার পার প্রাপ্ত হইতে পারেন॥ ৭

অনুবাদ।—যে মূঢ়ব্যক্তি সর্ব্বদা অভ্যাসযোগে গীতাজ্ঞান শ্রবণ করে নাই, অথচ মোক্ষপ্রাপ্তির ইচ্ছা করে, সে বালকেরও উপহাসাস্পদ হয়॥ ৮

অনুবাদ।—যাঁহারা অহর্নিশ গীতাশাস্ত্র শ্রবণ বা পাঠ করেন, তাঁহারা মনুষ্য নহেন; নিশ্চয়ই তাঁহারা দেবতুল্য॥৯

গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণঃ প্রাহার্জ্জুনায় বৈ।
ভক্তিতত্ত্বং পরং তত্র সগুণং বাথ নির্গুণম্॥ ১০
সোপানাষ্টাদশৈরেবং ভুক্তিমুক্তিসমুচ্ছ্রিতৈঃ।
ক্রমশশ্চিত্তশুদ্ধিঃ স্যাৎ প্রেমভক্ত্যাদিকর্ম্মসু॥১১
সাধো গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনম্।
শ্রদ্ধাহীনস্য তৎ কার্য্যং হস্তিস্নানং বৃথৈব তৎ॥১২
গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনম্।
স এব মানুষে লোকে মোঘকর্ম্মকরো ভবেৎ॥১৩

অনুবাদ।—শ্রীকৃষ্ণ গীতাজ্ঞান দ্বারাই সগুণ ও নির্গুণ ব্রহ্মসম্বন্ধীয় পরম ভক্তিতত্ত্ব অর্জ্জুনের বোধোৎপাদনার্থ তাঁহার নিকট কীর্ত্তন করিয়াছিলেন॥ ১০

অনুবাদ।—ভুক্তিমুক্তিসংগঠিত অষ্টাদশ অধ্যায়রূপ সোপান-বিশিষ্ট এই গীতা দ্বারা ক্রমে প্রেমভক্ত্যাদি কার্য্যে চিত্তশুদ্ধি জন্মে॥ ১১

অনুবাদ।—এই গীতারূপসলিলে স্নান করিলে সাধুজনের সংসারমল ক্ষালিত হয়; কিন্তু শ্রদ্ধাবিহীন মানবের পক্ষে উহা হস্তিস্নানের ন্যায় বৃথা॥ ১২

অনুবাদ।—যে ব্যক্তি গীতা শাস্ত্রের পাঠ, অধ্যয়ন ও

তস্মাদ্‌গীতাং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ তস্য মানুষং দেহং বিজ্ঞানং কুলশীলতাম্ ॥১৪
গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ শরীরং শুভং শীলং বিভবস্তদ্‌গৃহাশ্রমম্ ॥১৫
গীতাশাস্ত্রং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ প্রারব্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং দানং মহত্তমম্ ॥১৬

অধ্যাপন অবগত নহে, মনুষ্যলোকে তাদৃশ ব্যক্তি বৃথা কর্ম্ম-কারী অর্থাৎ তাহাদের সকল কর্ম্মই বিফল হইয়া থাকে ॥১৩

অনুবাদ।—যে ব্যক্তি গীতা অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই। তাহার মানুষদেহে ধিক্, তাহার শাস্ত্রপাঠ-জনিত বিজ্ঞানে এবং কুলশীলতাতেও ধিক্ ॥ ১৪

অনুবাদ।—যে ব্যক্তি গীতার অর্থ অবগত নহে, তাহার অপেক্ষা অধম আর নাই; তাহার মনোহর দেহে ধিক্, তাহার উৎকৃষ্ট চরিত্রে ধিক্, তাহার উত্তম বিভবে ধিক্ এবং তাহার সুখময় গৃহাশ্রমেও ধিক্ ॥ ১৫

অনুবাদ।—যে ব্যক্তি গীতাশাস্ত্র অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই; তাহার প্রারব্ধে ধিক্, প্রতিষ্ঠায় ধিক্, পূজায় ধিক্, দানে ধিক্ ও মহত্ত্বে ধিক্ ॥ ১৬

গীতাশাস্ত্রে মতির্নাস্তি সর্ব্বং তন্নিষ্ফলং জগুঃ।
ধিক্ তস্য জ্ঞানদাতারং ব্রতং নিষ্ঠাং তপো যশঃ॥১৭
গীতার্থপঠনং নাস্তি নাধমস্তৎপরো জনঃ।
গীতাগীতং ন যজ্জ্ঞানং তদ্বিদ্ধ্যাসুরসম্মতম্।
তন্মোঘং ধর্ম্মরহিতং বেদবেদান্তগর্হিতম্ ॥১৮
তস্মাদ্ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞানপ্রযোজিকা।
সর্ব্বশাস্ত্রসারভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে॥ ১৯

অনুবাদ।—গীতাশাস্ত্রে যাহার মতি নাই, তাহার সমস্তই নিষ্ফল বলিয়া কীর্ত্তিত হয়; তাহার জ্ঞানদাতাকে ধিক্, তাহার ব্রতে ধিক্, তাহার নিষ্ঠায় ধিক্, তাহার তপস্যায় ধিক্ এবং তাহার যশেও ধিক্॥ ১৭

অনুবাদ।—যে ব্যক্তি গীতার অর্থসহ পাঠ না জানে, তদপেক্ষা অধম আর নাই। যে জ্ঞান গীতায় উক্ত হয় নাই, তাহা আসুর জ্ঞান বলিয়া জানিবে; তাহা বিফল ধর্ম্মহীন এবং বেদবেদান্তে নিন্দিত॥ ১৮

অনুবাদ।—অতএব ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞানযোগকারিণী; ইহা সর্ব্বশাস্ত্রের সারভূতা ও বিশুদ্ধা বলিয়া প্রশংসিতা॥ ১৯

যোঽধীতে বিষ্ণুপর্ব্বাহে গীতাং শ্রীহরিবাসরে।
স্বপন্ জাগ্রৎ চলন্ তিষ্ঠন্ শত্রুভির্ন স হীয়তে ॥২০
শালগ্রাম-শিলায়াং বা দেবাগারে শিবালয়ে।
তীর্থে নদ্যাং পঠেদ্গীতাং সৌভাগ্যং লভতে ধ্রুবম্ ॥ ২১
দেবকীনন্দনঃ কৃষ্ণো গীতাপাঠেন তুষ্যতি।
যথা ন বেদৈর্দানেন যজ্ঞতীর্থব্রতাদিভিঃ ॥ ২২
গীতাধীতা চ যেনাপি ভক্তিভাবেন চেতসা।

অনুবাদ।—যিনি বিষ্ণুপর্ব্বদিনে ও শ্রীহরিবাসরে গীতা অধ্যয়ন করেন, নিদ্রাবস্থায়, জাগরিতাবস্থায়, গমনকালে বা অবস্থান কালে তিনি শত্রু-কর্তৃক পরাভূত হন না ॥ ২০

অনুবাদ।—যিনি শালগ্রামশিলা-সমীপে, দেবালয়ে, শিবমন্দিরে, তীর্থে ও নদীতীরে গীতা পাঠ করেন, তিনি নিশ্চয়ই সৌভাগ্যলাভ করেন ॥ ২১

অনুবাদ।—দেবকীনন্দন শ্রীকৃষ্ণ গীতাপাঠে যেরূপ সন্তোষ লাভ করেন, বেদপাঠ, দান, যজ্ঞানুষ্ঠান, তীর্থপর্য্যটন ও ব্রত প্রভৃতি দ্বারা সেরূপ সন্তুষ্ট হন না ॥ ২২

অনুবাদ।—যে ব্যক্তি ভক্তিযুক্ত-মনে গীতা অধ্যয়ন

বেদশাস্ত্রপুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ ॥ ২৩
যোগস্থানে সিদ্ধপীঠে শিলাগ্রে সৎসভাসু চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্তাগ্রে পঠন্‌সিদ্ধিং পরাংলভেৎ ॥২৪
গীতাপাঠঞ্চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাদ্যাঃ কৃতাস্তেন সদক্ষিণাঃ ॥২৫
যঃ শৃণোতি চ গীতার্থং কীর্ত্তয়ত্যেব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রযাতি পরং পদম্ ॥ ২৬

করেন, তৎকর্ত্তৃক সমুদয় বেদ নিখিলশাস্ত্র ও পুরাণ এ সমস্তই সর্ব্বপ্রকারে অধীত হয় ॥ ২৩

অনুবাদ।—যোগস্থানে, সিদ্ধপীঠে, শালগ্রামশিলার সম্মুখে, শিষ্টসভায়, যজ্ঞে এবং বিষ্ণুভক্ত-সমীপে গীতা পাঠ করিলে পরম সিদ্ধিলাভ হয় ॥ ২৪

অনুবাদ।—যিনি প্রত্যহ গীতা পাঠ বা শ্রবণ করেন, তৎকর্ত্তৃক দক্ষিণাসহ অশ্বমেধ প্রভৃতি সমস্ত যজ্ঞ সম্পাদিত হইয়া থাকে ॥ ২৫

অনুবাদ।—যিনি গীতার অর্থ শ্রবণ অথবা কীর্ত্তন করেন, কিংবা অন্য ব্যক্তিকে শ্রবণ করান, তাঁহার পরমপদ প্রাপ্তি হইয়া থাকে ॥ ২৬

গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোঽর্পয়ত্যেব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন তস্য ভার্য্যা প্রিয়া ভবেৎ ॥২৭
যশঃ সৌভাগ্যমারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং সুখমশ্নুতে ॥ ২৮
অভিচারোদ্ভবং দুঃখং বরশাপাগতঞ্চ যৎ।
নোপসর্পতি তত্রৈব যত্র গীতার্চ্চনং গৃহে ॥ ২৯
তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎ ক্বচিৎ।
ন শাপো নৈব পাপঞ্চ দুর্গতির্নরকং ন চ ॥ ৩০

অনুবাদ।—যিনি আদর সহকারে যথাবিধি ভক্তিভাবে কাহাকেও বিশুদ্ধ গীতাপুস্তক দান করেন, তাঁহার পত্নী প্রিয়তমা হয় ॥ ২৭

অনুবাদ।—তিনি যশ, সৌভাগ্য ও আরোগ্য লাভ করেন, ইহাতে সন্দেহ নাই এবং পত্নীর প্রিয়তম হইয়া পরম সুখ লাভ করেন ॥ ২৮

অনুবাদ।—যে গৃহে, প্রতিনিয়ত গীতার অর্চ্চনা হয়, তথায় অভিচারজাত দুঃখ অথবা কঠোর শাপজাত ক্লেশ উপস্থিত হয় না ॥ ২৯

অনুবাদ।—তথায় আধ্যাত্মিক, আধিদৈবিক

বিস্ফোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণপদে দাস্যং ভক্তিঞ্চাব্যভিচারিণীম্॥৩১
জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ।
প্রারব্ধং ভুঞ্জতো বাপি গীতাভ্যাসরতস্য চ॥ ৩২
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে।
মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্য নলিনীদলমম্ভসা॥ ৩৩

ভৌতিক এই ত্রিবিধ তাপজাত পীড়া হয় না; শাপ পাপ দুর্গতি বা নরকের সম্ভাবনা থাকে না॥ ৩০

অনুবাদ।—সেই গৃহে বিস্ফোটকাদি কাহারও দেহে পীড়া উৎপাদন করিতে পারে না; সেই গৃহস্থিত জনগণ কৃষ্ণপদে দাস্য ও অব্যভিচারিণী ভক্তি লাভ করেন॥ ৩১

অনুবাদ।—যে ব্যক্তি গীতাভ্যাসে রত থাকেন, তিনি প্রারব্ধবশে সুখ দুঃখ ভোগ করিলেও সর্ব্বজীবগণের সহিত তাহার সখ্য হয়॥ ৩২

অনুবাদ।—গীতাধ্যয়নকারী ব্যক্তি সতত মুক্ত ও সুখী; তিনি মহা-পাতক বা অতিপাতক করিলেও যেমন পদ্মপত্রে

অনাচারোদ্ভবং পাপমবাচ্যাদিকৃতঞ্চ যৎ।
অভক্ষ্যভক্ষজং দোষমস্পর্শস্পর্শজং তথা ॥ ৩৪
জ্ঞানাজ্ঞানকৃতং নিত্যমিন্দ্রিয়ৈর্জনিতঞ্চ যৎ।
তৎ সর্ব্বং নাশমায়াতি গীতাপাঠেন তৎক্ষণাৎ॥৩৫
সর্ব্বত্র প্রতিভোক্তা চ প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ।
গীতাপাঠং প্রকুর্ব্বাণো ন লিপ্যেত কদাচন ॥৩৬
রত্নপূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যাবিধানতঃ।
গীতাপাঠেন চৈকেন শুদ্ধস্ফটিকবৎ সদা ॥৩৭

জল লিপ্ত হয় না, সেই রূপ তিনিও সকাম বা নিষ্কাম কোন কর্ম্মেই লিপ্ত হয় না ॥ ৩৩

অনুবাদ।—অনাচার-জনিত, অবাচ্যবাক্য-প্রয়োগজাত, অভক্ষ্যভক্ষণজাত, অস্পৃশ্য-স্পর্শজন্য, জ্ঞানাজ্ঞানকৃত এবং প্রাত্যহিক ইন্দ্রিয়-সম্ভোগজ সর্ব্ববিধ পাপই গীতাপাঠে তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ৩৪-৩৫

অনুবাদ।—সর্ব্বত্র ভোজনকারী এবং সর্ব্বথা প্রতিগ্রাহী ব্যক্তি গীতা পাঠ করিলে, কদাপি পাপে লিপ্ত হয় না ॥ ৩৬

অনুবাদ।—অবিধিপূর্ব্বক রত্ন-পূর্ণা সমগ্র পৃথিবী

যস্যান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ॥৩৮
দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকো যাজী সর্ব্ববেদার্থদর্শকঃ ॥৩৯
গীতায়াঃ পুস্তকং যত্র নিত্যপাঠশ্চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে ॥৪০

প্রতিগ্রহ করিয়াও একবারমাত্র গীতা পাঠ করিলে, বিশুদ্ধ স্ফটিকবৎ নিষ্কলঙ্ক হয় ॥ ৩৭

অনুবাদ।—যাঁহার চিত্ত প্রত্যহ নিয়ত গীতায় নিরত থাকে, এই জগতীতলে তিনিই সাগ্নিক, তিনিই ক্রিয়াশীল ও তিনিই পণ্ডিত ॥ ৩৮

অনুবাদ।—তিনি দর্শনীয়, তিনি ধনবান্ তিনি যোগী, তিনি জ্ঞানবান্, তিনিই যাজ্ঞিক, তিনিই যাজী এবং তিনিই সমুদয় বেদার্থ-পারদর্শী ॥ ৩৯

অনুবাদ।—যে স্থানে প্রত্যহ গীতা পুস্তক থাকে এবং অধীত হয়, ভূতলে সেই স্থানেই প্রয়াগাদি সকল তীর্থই সর্ব্বদা বিরাজিত থাকে ॥ ৪০

নিবসন্তি সদা দেহে দেহশেষেঽপি সর্ব্বদা।
সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনো দেহরক্ষকাঃ ॥ ৪১
গোপালো বালকৃষ্ণোঽপি নারদধ্রুবপার্ষদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥৪২
যত্র গীতা-বিচারশ্চ পঠনং পাঠনং তথা।
মোদতে তত্র শ্রীকৃষ্ণো ভগবান্ রাধয়া সহ ॥৪৩

শ্রীভগবানুবাচ।

গীতা মে হৃদয়ং পার্থ! গীতা মে সারমুত্তমম্।
গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্ ॥৪৪

অনুবাদ।—গীতাপাঠকের দেহে এবং দেহশেষে সর্ব্ব দেবতা ও যোগিগণ দেহরক্ষকরূপে বাস করেন ॥ ৪১

অনুবাদ।—যে স্থানে গীতাপাঠ হয়, তথায় বালকৃষ্ণবেশী শ্রীগোপাল, তৎক্ষণাৎ নারদাদি পার্ষদগণের সহিত সহায়রূপে উপস্থিত হন ॥ ৪২

অনুবাদ।—যেখানে গীতার বিচার, অধ্যয়ন ও অধ্যাপনা হয়, তথায় শ্রীরাধিকার সহিত ভগবান্ শ্রীকৃষ্ণ নিরতিশয় আনন্দ লাভ করেন ॥ ৪৩

অনুবাদ।—শ্রীভগবান্ কহিলেন,—হে পার্থ! গীতাই

গীতা মে চোত্তমং স্থানং গীতা মে পরমং পদম্।
গীতা মে পরমং গুহ্যং গীতা মে পরমো গুরুঃ ॥৪৫
গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে পরমং গৃহম্।
গীতাজ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকীং পালয়াম্যহম্॥৪৬
গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রাহরা নিত্যমনির্ব্বাচ্যপদাত্মিকা ॥ ৪৭

আমার হৃদয়, গীতাই আমার উত্তম সার-স্বরূপ, গীতাই আমার অত্যুগ্র জ্ঞান এবং গীতাই আমার অক্ষয় জ্ঞান ॥ ৪৪

অনুবাদ।—গীতা আমার উত্তম স্থান, গীতা আমার পরম পদ, গীতা আমার পরম গুহ্য বস্তু এবং [কি আর অধিক বলিব] গীতা আমার পরম গুরু ॥ ৪৫

অনুবাদ।—আমি গীতার আশ্রয়েই অবস্থান করি; গীতা আমার পরম গৃহ এবং গীতাজ্ঞান আশ্রয় করিয়াই আমি ত্রিভুবন পালন করিয়া থাকি ॥ ৪৬

অনুবাদ।—গীতাই আমার পরম ব্রহ্মরূপা বিদ্যা; ইহার সন্দেহ নাই; উহা পরম অনির্ব্বাচ্য-পদাত্মিকা (বাক্যের অগোচর) অর্দ্ধমাত্রাস্বরূপা ॥ ৪৭

গীতানামানি বক্ষ্যামি গুহ্যানি শৃণু পাণ্ডব।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি বিলয়ং যান্তি তৎক্ষণাৎ॥৪৮
গঙ্গা গীতা চ সাবিত্রী সীতা সত্যা পতিব্রতা।
ব্রহ্মাবলির্ব্রহ্মবিদ্যা ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী॥৪৯
অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবঘ্নী ভ্রান্তিনাশিনী।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী॥ ৫০
ইত্যেতানি জপেন্নিত্যং নরো নিশ্চল মানসঃ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথান্তে পরমং পদম্॥৫১

অনুবাদ।—হে পাণ্ডব! গীতার গুহ্য নাম সকল কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। কীর্ত্তনে তৎক্ষণাৎ সকল পাপ বিনাশ প্রাপ্ত হয়॥ ৪৮

অনুবাদ।—গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্যা, পতিব্রতা, ব্রহ্মাবলি, ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী, অর্দ্ধমাত্রা, চিদানন্দ, ভবঘ্নী, ভ্রান্তিনাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থ-জ্ঞানমঞ্জরী—যিনি একাগ্রচিত্তে প্রত্যহ এই সকল নাম জপ করেন, তিনি জ্ঞানসিদ্ধি লাভ করেন এবং অন্তে পরমপদ প্রাপ্ত হন॥ ৪৯-৫১

পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে তদর্দ্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥৫২
ত্রিভাগং পঠমানস্তু সোমযাগফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ ॥৫৩
তথাধ্যায়দ্বয়ং নিত্যং পঠমানো নিরন্তরম্।
ইন্দ্রলোকমবাপ্নোতি কল্পমেকং বসেদ্ধ্রুবম্ ॥৫৪
একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥৫৫

অনুবাদ।—সম্পূর্ণ পাঠে অসমর্থ ব্যক্তি গীতার অর্দ্ধাংশমাত্র পাঠ করিবেন। তাহাতে গোদানজ পুণ্য লাভ করিবেন, সন্দেহ নাই॥ ৫২

অনুবাদ।—যিনি ইহার তৃতীয়াংশ পাঠ করেন, তিনি সোমযাগের ফল এবং ষড়ংশ পাঠ করিলে গঙ্গাস্নানের ফল লাভ করেন॥ ৫৩

অনুবাদ।—যিনি অবহিতচিত্তে প্রত্যহ ইহার দুইটিমাত্র অধ্যায় পাঠ করেন, তিনি নিশ্চয়ই ইন্দ্রলোকে এককল্পকাল বাস করেন॥ ৫৪

অনুবাদ।—যিনি ভক্তিযুক্ত হইয়া প্রত্যহ একটি

অধ্যায়ার্দ্ধঞ্চ পাদং বা নিত্যং যঃ পঠতে জনঃ।
প্রাপ্নোতি রবিলোকং স মন্বন্তরসমাঃ শতম্ ॥৫৬
গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
ত্রিদ্ব্যেকমর্দ্ধমথ বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ।
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং তথা ॥৫৭
গীতার্দ্ধমেকপাদঞ্চ শ্লোকমধ্যায়মেব চ।
স্মরংস্ত্যক্ত্বা জনো দেহং প্রয়াতি পরমং পদম্ ॥৫৮

মাত্র অধ্যায় পাঠ করেন, তিনি রুদ্রলোকে গমন করেন এবং গণমধ্যে পরিগণিত হইয়া বহুকাল তথায় বাসসুখ অনুভব করেন ॥ ৫৫

অনুবাদ।—যে ব্যক্তি প্রত্যহ ইহার অর্দ্ধ অধ্যায় বা অধ্যায়ের চতুর্থাংশ পাঠ করেন, তিনি সূর্য্যলোক প্রাপ্ত হন এবং শত মন্বন্তর কাল তথায় অবস্থিতি করেন ॥ ৫৬

অনুবাদ।—যিনি প্রত্যহ গীতার দশটি, সাতটি, পাঁচটি, তিনটি, দুইটি, একটি বা অর্দ্ধ শ্লোকমাত্র একাগ্রচিত্তে পাঠ করেন, তিনি চন্দ্রলোক প্রাপ্ত হন এবং অযুত বর্ষ তথায় বাস করিয়া থাকেন ॥ ৫৭

অনুবাদ।—যে ব্যক্তি গীতার অর্দ্ধ, একপাদ, একটি

গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্তকালতঃ।
মহাপাতকযুক্তোঽপি মুক্তিভাগী ভবেজ্জনঃ ॥৫৯
গীতাপুস্তক-সংযুক্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা প্রয়াতি যঃ।
স বৈকুণ্ঠমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে ॥ ৬০
গীতাধ্যায়সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ।
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্ ॥৬১

শ্লোক বা একটি অধ্যায় স্মরণ করিতে করিতে দেহ ত্যাগ করেন, তিনি পরমপদ প্রাপ্ত হন ॥ ৫৮

অনুবাদ।—যে ব্যক্তি অন্তকালে গীতার অর্থ, পাঠ বা শ্রবণ করেন, মহাপাতকী হইলেও তিনি মুক্তিভাগী হন ॥ ৫৯

অনুবাদ।—যে ব্যক্তি গীতাগ্রন্থসংযুক্ত হইয়া প্রাণত্যাগ করেন, তিনি বৈকুণ্ঠে গমন করেন এবং বিষ্ণুর সহিত আনন্দ প্রাপ্ত হন ॥ ৬০

অনুবাদ।—গীতার একটি অধ্যায় সংযুক্ত হইয়া মরিলে মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়া পুনরায় গীতাভ্যাস পূর্ব্বক মুক্তি লাভ করেন ॥ ৬১

গীতেত্যুচ্চার-সংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ॥৬২

যদ্‌যৎ কর্ম্ম চ সর্ব্বত্র গীতাপাঠপ্রকীর্ত্তিমৎ।

তত্তৎ কর্ম্ম চ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ ॥৬৩

পিতৄনুদ্দিশ্য যঃ শ্রাদ্ধে গীতাপাঠং করোতি হি।

সন্তুষ্টাঃ পিতরস্তস্য নিরয়াদ্‌যান্তি স্বর্গতিম্॥ ৬৪

গীতাপাঠেন সন্তুষ্টাঃ পিতরঃ শ্রাদ্ধতর্পিতাঃ।

পিতৃলোকং প্রয়ান্ত্যেব পুত্রাশীর্ব্বাদতৎপরাঃ॥ ৬৫

অনুবাদ।—"গীতা" এই শব্দ উচ্চারণ পূর্ব্বক যে ব্যক্তি দেহত্যাগ করেন, তাঁহার পরমা গতি লাভ হয়॥ ৬২

অনুবাদ।—সর্ব্বত্র গীতা পাঠ করিয়া যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তৎসমস্ত নির্দ্দোষ ও পূর্ণতা প্রাপ্ত হয়॥ ৬৩

অনুবাদ।—যে ব্যক্তি শ্রাদ্ধকালে পিতৃগণের উদ্দেশে গীতা পাঠ করেন, তাঁহার পিতৃগণ সন্তুষ্ট হইয়া নরক হইতে স্বর্গে গমন করেন॥ ৬৪

অনুবাদ।—শ্রাদ্ধে গীতাপাঠ দ্বারা তৃপ্তিপ্রাপ্ত ও সন্তুষ্ট হইয়া পিতৃগণ পুত্রকে আশীর্ব্বাদ করিতে করিতে স্বর্গলোকে গমন করেন॥ ৬৫

গীতাপুস্তকদানঞ্চ ধেনুপুচ্ছসমন্বিতম্।
কৃত্বা চ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ ॥৬৬
পুস্তকং হেমসংযুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ।
দত্ত্বা বিপ্রায় বিদুষে জায়তে ন পুনর্ভবম্ ॥ ৬৭
শতপুস্তকদানঞ্চ গীতায়াঃ প্রকরোতি যঃ।
স যাতি ব্রহ্মসদনং পুনরাবৃত্তিদুর্লভম্ ॥ ৬৮
গীতাদান-প্রভাবেন সপ্তকল্পমিতাঃ সমাঃ।
বিষ্ণুলোকমবাপ্যান্তে বিষ্ণুনা সহ মোদতে ॥ ৬৯

অনুবাদ।—ধেনুপুচ্ছ (চামর) সমন্বিত গীতাপুস্তক দান করিলে, সেই দিনেই মানব সম্যক্ কৃতার্থ হন ॥ ৭৬

অনুবাদ।—যিনি স্বর্ণসংযুক্ত গীতাপুস্তক বিদ্বান্ ব্রাহ্মণকে প্রদান করেন, তাঁহাকে আর পুনর্ব্বার ভূলোকে জন্মগ্রহণ করিতে হয় না ॥ ৬৭

অনুবাদ।—যে ব্যক্তি একশত গীতাগ্রন্থ দান করেন, তাঁহার ব্রহ্মধামে গতি হয়, এবং আর মর্ত্ত্যলোকে জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ৬৮

অনুবাদ।—গীতাদান প্রভাবে বিষ্ণুলোকে সপ্তকল্প

সম্যক্ শ্রুত্বা চ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ ।
তস্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্॥ ৭০
ন শৃণোতি ন পঠতি গীতামমৃতরূপিণীম্ ।
হস্তাত্ত্যক্ত্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্নুতে ॥৭১
জনঃ সংসারদুঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ ।
পীত্বা গীতামৃতং লোকে লব্ধ্বা ভক্তিং সুখী
ভবেৎ ॥ ৭২

পরিমিতকাল অবস্থান পূর্ব্বক বিষ্ণুর সহিত বাস করিয়া আনন্দ লাভ করা যায় ॥ ৬৯

অনুবাদ।—গীতার্থ সম্যক শ্রবণ পূর্ব্বক যে ব্যক্তি ঐ গ্রন্থ দান করেন, ভগবান্ তাঁহার প্রতি প্রসন্ন হইয়া তাঁহার মনোভীষ্ট প্রদান করেন ॥ ৭০

অনুবাদ।—চতুর্ব্বর্ণমধ্যে মানুষ দেহ ধারণ করিয়া যে ব্যক্তি অমৃতরূপিণী গীতা শ্রবণ বা পাঠ না করে, সে হস্ত প্রাপ্ত অমৃত ত্যাগ করিয়া বিষ ভক্ষণ করে ॥ ৭১

অনুবাদ।—সংসারদুঃখে একান্ত কাতর ব্যক্তি গীতাজ্ঞান প্রাপ্ত হইয়া গীতামৃত পান পূর্ব্বক জগতে কৃষ্ণভক্তিলাভ করিবে ও সুখী হইবে ॥ ৭২

গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্ধূতকল্মষা লোকে গতাস্তে পরমং পদম্ ॥ ৭৩
গীতাসু ন বিশেষোঽস্তি জনেষূচ্চাবচেষু চ।
জ্ঞানেষ্বেব সমগ্রেষু সমা ব্রহ্মস্বরূপিণী ॥ ৭৪
যোঽভিমানেন গর্ব্বেণ গীতানিন্দাং করোতি চ।
স যাতি নরকং ঘোরং যাবদাহূতসংপ্লবম্ ॥ ৭৫
অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্যতে।
কুম্ভীপাকেষু পচ্যেত যাবৎ কল্পক্ষয়ো ভবেৎ॥ ৭৬

অনুবাদ।—জগতীতলে জনকাদি বহুসংখ্য রাজা গীতার আশ্রয় গ্রহণে নিষ্পাপ হইয়া পরমপদ লাভ করিয়াছেন ॥ ৭৩

অনুবাদ।—গীতা জ্ঞান সম্বন্ধে উচ্চ নীচ জনসমূহে কিছুমাত্র প্রভেদ নাই। সমগ্র জ্ঞানের মধ্যে গীতাজ্ঞানই নির্ব্বিশেষ এবং গীতাই ব্রহ্মস্বরূপিণী ॥ ৭৪

অনুবাদ।—যে ব্যক্তি অভিমান বা গর্ব্বভরে গীতার নিন্দা করে, যতদিন প্রলয়কাল উপস্থিত না হয়, ততদিন পর্য্যন্ত সে ঘোর নরকে অবস্থিতি করিয়া থাকে ॥ ৭৫

অনুবাদ।—যে মূঢ়াত্মা ব্যক্তি অহঙ্কার বশতঃ গীতার্থ

গীতার্থং বাচ্যমানং যো ন শৃণোতি সমাসতঃ।
স শূকরভবাং যোনিমনেকামধিগচ্ছতি ॥ ৭৭
চৌর্য্যং কৃত্বা চ গীতায়াঃ পুস্তকং যঃ সমানয়েৎ।
ন তস্য সফলং কিঞ্চিৎ পঠনঞ্চ বৃথা ভবেৎ ॥ ৭৮
যঃ শ্রুত্বা নৈব গীতাঞ্চ মোদতে পরমার্থতঃ।
নৈব তস্য ফলং লোকে প্রমত্তস্য যথা শ্রমঃ ॥ ৭৯
গীতাং শ্রুত্বা হিরণ্যঞ্চ ভোজ্যং পট্টাম্বরং তথা।
নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়ে পরমাত্মনঃ ॥ ৮০

মানে না, সে যতদিন কল্পক্ষয় না হয়, ততদিন পর্য্যন্ত কুম্ভীপাক নরকে পচিতে থাকে ॥ ৭৬

অনুবাদ।—গীতার্থ সম্যক্ বাচ্যমান হইলেও যে ব্যক্তি তাহা শ্রবণ না করে, সে বহুবার শূকরযোনি প্রাপ্ত হয় ॥ ৭৭

অনুবাদ।—যে ব্যক্তি গীতাগ্রন্থ চুরি করিয়া আনে, তাহার কিছুই সফল হয় না এবং পাঠও বৃথা হয় ॥ ৭৮

অনুবাদ।—যে ব্যক্তি গীতার্থ শ্রবণ করিয়া প্রকৃত প্রস্তাবে আনন্দ বোধ করে না, প্রমত্তব্যক্তির পরিশ্রমের ন্যায় ইহলোকে তাহার সমস্তই বিফল হয় ॥ ৭৯

অনুবাদ।—গীতা শ্রবণ পূর্ব্বক পরমাত্মার প্রীতি

বাচকং পূজয়েদ্ভক্ত্যা দ্রব্য-বস্ত্রাদ্যুপস্করৈঃ।
অনেকৈর্বহুধা প্রীত্যা তুষ্যতাং ভগবান্ হরিঃ॥৮১

সূত উবাচ।

মাহাত্ম্যমেতদ্গীতায়াঃ কৃষ্ণপ্রোক্তং পুরাতনম্।
গীতান্তে পঠতে যস্তু যথোক্তফলভাগ্ভবেৎ॥ ৮২
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথা পাঠফলং তস্য শ্রম এব উদাহৃতঃ॥ ৮৩

সাধনার্থ ব্রাহ্মণাদিকে দিবার জন্য স্বর্ণ, ভোজ্য ও পট্টবস্ত্র নিবেদন করিবে॥ ৮০

অনুবাদ।—ভগবান্ শ্রীহরির প্রীত্যর্থ গীতাপাঠককে ভক্তিসহকারে পূজা করিয়া নানাবিধ দ্রব্য, বস্ত্র ও উপকরণ প্রদান করিবে॥ ৮১

অনুবাদ।—যে ব্যক্তি গীতাপাঠান্তে শ্রীকৃষ্ণপ্রোক্ত এই পুরাতন গীতামাহাত্ম্য পাঠ করেন, তিনি যথোক্ত ফল লাভ করিয়া থাকেন॥ ৮২

অনুবাদ।—গীতা-পাঠান্তে যে ব্যক্তি মাহাত্ম্য পাঠ না করে, তাহার পাঠ বৃথা ও পরিশ্রমমাত্রই সার॥ ৮৩

এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাপাঠং করোতি যঃ।
শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ ॥ ৮৪
শ্রুত্বা গীতামর্থযুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি চ।
তস্য পুণ্যফলং লোকে ভবেৎ সর্ব্বসুখাবহম্ ॥৮৫

ইতি শ্রীবৈষ্ণবীয়-তন্ত্রসারে শ্রীমদ্ভগবদ্গীতামাহাত্ম্যং সম্পূর্ণম্।

অনুবাদ।—যে ব্যক্তি এই মাহাত্ম্য-সমন্বিত গীতা পাঠ করেন, বা শ্রদ্ধা-সহকারে শ্রবণ করেন, তাঁহার পরমা গতি লাভ হয় ॥ ৮৪

অনুবাদ।—যে ব্যক্তি অর্থযুক্ত গীতা ভক্তিসহকারে শ্রবণ করিয়া এই মাহাত্ম্য শ্রবণ করেন, তাঁহার পুণ্যফল সর্ব্বসুখের কারণ হইয়া থাকে ॥ ৮৫

ইতি সম্পূর্ণ গ্রন্থ।